



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণগ্রন্থাগার অধিদপ্তর
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম
পরিচালকের দপ্তর
publiclibrary.chittagongdiv.gov.bd

সমৃদ্ধ হোক গ্রন্থাগার
এই আমাদের অঙ্গীকার



নম্বর: ৪৩.২৬.১৫০০.০০০.০০২.২৩.০০০৪.২৫.৮১

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১৪ মে ২০২৫ খ্রিস্টাব্দ

প্রতিযোগিতার বিজ্ঞপ্তি

বিষয়: জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৬তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে পুস্তক প্রদর্শনী, বইপাঠ ও রচনা প্রতিযোগিতা

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন ও গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম এ জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৬তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে পুস্তক প্রদর্শনী, বইপাঠ ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। নিম্নবর্ণিত যোগ্যতা অনুযায়ী সকলকে প্রতিযোগিতায় অংশগ্রহণের আহবান জানানো হলো:

(ক) বইপাঠ প্রতিযোগিতা: (প্রতিযোগিকে স্বশরীরে গ্রন্থাগারে উপস্থিত হয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে)

ক্র.	গ্রুপ	শ্রেণি	বিষয়	প্রতিযোগিতার তারিখ, সময় ও স্থান
১.	ক	পঞ্চম-অষ্টম	সংশ্লিষ্ট গণগ্রন্থাগারের নির্ধারিত বই	২৪-০৫-২০২৫ খ্রি. বিকাল ০২:৩০ মিনিট বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম
২.	খ	নবম-দ্বাদশ		
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর/ সর্বসাধারণ		

(খ) রচনা প্রতিযোগিতা: (প্রতিযোগিকে স্বশরীরে গ্রন্থাগারে উপস্থিত হয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে)

ক্র.	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	তারিখ, সময় ও স্থান
১.	ক	পঞ্চম-অষ্টম	ছোটদের কবি নজরুল	২৪-০৫-২০২৫ খ্রি. বিকাল ০৩:৩০ মিনিট বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম
২.	খ	নবম-দ্বাদশ	নজরুলের বিপ্লবী চেতনা	
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর/ সর্বসাধারণ	বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপটে নজরুলের সাহিত্যিকর্ম	

গ) পুস্তক প্রদর্শনী: (পুস্তক প্রদর্শনী সকলের জন্য উন্মুক্ত থাকবে)

ক্রমিক	বিষয়	তারিখ ও স্থান
১.	পুস্তক প্রদর্শনী	২৪-২৬মে, ২০২৫ তারিখ পর্যন্ত ০৩ দিনব্যাপী বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম এ পুস্তক প্রদর্শনী অনুষ্ঠিত হবে

শর্তাবলি:

- বইপাঠ ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের স্বশরীরে গ্রন্থাগারে উপস্থিত হয়ে অংশগ্রহণ করতে হবে। প্রতিযোগিতার প্রয়োজনীয় কাগজ সংশ্লিষ্ট গ্রন্থাগার থেকে সরবরাহ করা হবে। অন্যান্য সরঞ্জাম সঙ্গে করে নিয়ে আসতে হবে।
- প্রতিযোগিতায় প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম, সচল মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। শিক্ষার্থীদের ক্ষেত্রে স্টুডেন্ট আইডি কার্ড এবং অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সঙ্গে করে নিয়ে এস জমা দিতে হবে।
- বিজ্ঞপ্তি প্রকাশের জন্য ০১৭৬৫-৬৩২৩০৫, ০১৯১৯-২২৯৭২৩, ০১৮৩০-১৭৫৫৫৬ নম্বরে অফিস চলাকালীন সময়ে (শনিবার-বুধবার সকাল ৯ টা হতে ৫ টার মধ্যে) যোগাযোগ করা যাবে।
- শুধুমাত্র চট্টগ্রাম জেলায় স্থায়ী বা অস্থায়ীভাবে বসবাসরত নাগরিক ও চট্টগ্রাম জেলার শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীরা এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।



১৪-০৫-২০২৫

মোঃ মাসুদ রানা
সহকারী পরিচালক

০২৩৩৩৩৮৮৭০০

dgplchittagong@gmail.com

মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, গণগ্রন্থাগার অধিদপ্তর।

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।
- ২। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, চট্টগ্রাম (আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৩। সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (রুটিন দায়িত্ব), জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, চট্টগ্রাম (আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৪। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, জেলা শিশু একাডেমী, জেলা শিশু একাডেমী, চট্টগ্রাম।
- ৫। জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, চট্টগ্রাম।
- ৬। সহকারী প্রোগ্রামার, পরিচালকের দপ্তর, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম (ওয়েবসাইট প্রকাশ ও ইমেইলে প্রেরণের অনুরোধসহ)।
- ৭। সহকারী তথ্য অফিসার, তথ্য অফিসারের দপ্তর, জেলা তথ্য অফিস, চট্টগ্রাম।
- ৮। প্রাপক: রেজিস্ট্রার/অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক/পরিচালক/সম্পাদক,

.....চট্টগ্রাম

(শিক্ষার্থীদের অবহিতকরণের অনুরোধসহ)।

